

ভর্তি

ষষ্ঠ ও অষ্টম শ্রেণির বাদপড়া শিক্ষার্থীদের ফের রেজিস্ট্রেশনের সুযোগ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৮ সেপ্টেম্বর ২০২৫, ১৬: ৩১



মাদ্রাসা শিক্ষা বোর্ড

ষষ্ঠ ও অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের অনলাইনে ইলেকট্রনিক স্টুডেন্ট ইনফরমেশন ফরম (ইএসআইএফ) পূরণের রেজিস্ট্রেশনের সময় বাড়ানো হয়েছে। ২০২৪ সালের ষষ্ঠ ও অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের অনলাইনে ইলেকট্রনিক স্টুডেন্ট ইনফরমেশন ফরম (ইএসআইএফ) পূরণের রেজিস্ট্রেশনের সময় বাড়ানো হয়েছে। ২১ সেপ্টেম্বর শুরু হয়ে ১৩ অক্টোবর পর্যন্ত অনলাইনে রেজিস্ট্রেশন করতে পারবেন শিক্ষার্থীরা। গত মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) মাদ্রাসা শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৪ খ্রিষ্টাব্দের ষষ্ঠ ও অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে (ইএসআইএফ) পূরণ রেজিস্ট্রেশনের সময় বাড়ানো হয়েছে। অনলাইনে রেজিস্ট্রেশন করে বিলম্ব ফিসহ জমা দিতে হবে ১৩ অক্টোবরের মধ্যে। তথ্য (ইএসআইএফ) এন্ট্রির সর্বশেষ সময় ১৫ অক্টোবর। শুধু বিলম্ব ফি দিয়ে নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে পারবেন। আগে এন্ট্রি করা শিক্ষার্থীর কোনো তথ্য এডিট বা ডিলেট করার সুযোগ থাকবে না।

